নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২২০ ২৪ জুলাই ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নেদারল্যান্ডসের ওয়াজেনিনজেন বিশ্ববিদ্যালয়ে নোবিপ্রবি উপাচার্যের একাডেমিক সভা

নেদারল্যান্ডসের স্বনামধন্য ওয়াজেনিনজেন বিশ্ববিদ্যালয়ের সিনিয়র রিসার্চার ক্যাথেরিন টারভিস্কা ভ্যান শেলটিঙ্গার সঙ্গে একাডেমিক সভা করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ বৃহস্পতিবার (২৪ জুলাই ২০২৫) ওয়াজেনিনজেন বিশ্ববিদ্যালয়ের ওয়াটার ম্যানেজমেন্ট ইন ডেল্টাস ইনস্টিটিউটে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মোহিনুজ্জামান এবং পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক শাহরিয়ার মু. আরিফুর রহমান উপস্থিত ছিলেন।

সভায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ডেল্টা, ফ্লাড ওয়াটার ও এনভায়রনমেন্টাল রিসার্চ নিয়ে নেদারল্যান্ডের সঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। এ সময় তিনি বলেন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় যেহেতু উপকূলীয় অঞ্চলে অবস্থিত সেহেতু এ ভৌগলিক এলাকায় কৃষি ও পানি ব্যবস্থাপনা নিয়ে যৌথ গবেষণা পরিচালনা করা যায়। এছাড়াও এখানে খাদ্য নিরাপত্তা নিয়ে নেদারল্যান্ডসের সঙ্গে যৌথ প্রকল্প বাস্তবায়ন সম্ভব বলে ক্যাথেরিন টারভিস্কা ভ্যান শেলটিঙ্গাকে অবহিত করেন উপাচার্য ।

এ সময় ওয়াজেনিনজেন বিশ্ববিদ্যালয়ের ওয়াটার ম্যানেজমেন্ট ইন ডেল্টাস ইনস্টিটিউটের সিনিয়র রিসার্চার ক্যাথেরিন টারভিস্কা ভ্যান শেলটিঙ্গাও সব ধরনের গবেষণা ও একীভূত উন্নয়নমূলক কাজে নিজেদের অংশগ্রহণ নিশ্চিতের আশাবাদ ব্যক্ত করেন।

প্রসঙ্গত, ইউরোপীয় ইউনিয়নের অর্থায়িত Erasmus+KA171 Higher Education Staff Teaching Mobility Programme এর আওতায় একাডেমিক সভায় অংশ নিতে নেদারল্যান্ডস সফরে রয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শনিবার (১৯ জুলাই ২০২৫) নেদারল্যান্ডসের উদ্দেশ্যে তিনি ঢাকা ত্যাগ করেন। এ সফরের মধ্য দিয়ে নোবিপ্রবি এবং নেদারল্যান্ডসের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউটসমূহের মাঝে পারস্পরিক সম্পর্ক, কোলাবরেশন, শিক্ষা ও প্রশিক্ষণের উন্নয়ন, যৌথ গবেষণা এবং শিক্ষক-শিক্ষার্থী এ স্টাফ মোবিলিটির কাজ প্রক্রিয়াধীন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪